




বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

Bangladesh Petroleum Corporation

দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত ভুল বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে বিপিসি'র আনুষ্ঠানিক বক্তব্য

অদ্য ২১/০৪/২০২৬ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকার প্রথম পাতায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নাম ও লোগোসহ জ্বালানি তেল সরবরাহের পরিমাণ সংক্রান্ত একটি বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। প্রকাশিত বিজ্ঞাপনটি গত ০৬/০৩/২০২৬ তারিখের একটি পুরাতন প্রেস রিলিজ। এই পুরাতন প্রেস রিলিজটি বিজ্ঞাপন হিসেবে প্রকাশের জন্য বিপিসি'র পক্ষ হতে প্রেরণ করা হয়নি। যুগান্তর পত্রিকার চট্টগ্রাম অফিসের বিজ্ঞাপন প্রতিনিধি জনাব আবদুল শুক্কুর এর সাথে যোগাযোগ করা হলে তার ভুল হয়েছে বলে জানান। পুরাতন প্রেস রিলিজের এরূপ খবরের কারণে জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হওয়ার আশঙ্কা তৈরি হয়। তাছাড়া, জ্বালানি পণ্য সরবরাহ সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি থেকে সময়ে সময়ে প্রেস রিলিজ আকারে প্রচার করা হচ্ছে। এমতাবস্থায়, জনস্বার্থ বিবেচনায় সঠিক, বাস্তবভিত্তিক ও সময়োপযোগী তথ্য যথাসময়ে পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


21/04/2026

সচিব

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন